

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৮.২০১৭- ১১৬২

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুল মজিদ, ভাইস চেয়ারম্যান, গাবতলী, বগুড়া এর বিরুদ্ধে জুলাই/২০১৬ হতে অক্টোবর ২০১৬ পর্যন্ত অনুষ্ঠিত পর পর তিনটি মাসিক সভায় যুক্তিসংগত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) এর অপরাধে একই আইনের ধারা ১৩(২) অনুযায়ী কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা থাকায় গ্রেফতারের আশঙ্কায় তিনি পলাতক থাকায় উপজেলা পরিষদের জুলাই/২০১৬ হতে অক্টোবর ২০১৬ পর্যন্ত অনুষ্ঠিত মাসিক সভায় অনুপস্থিত থাকার বিষয়টি তিনি স্বীকার করেছেন;

যেহেতু, গাবতলী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মজিদ এর বিরুদ্ধে আনীত অভিযোগ উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক তদন্ত করা হয়। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা অনুযায়ী অভিযুক্তকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তার বক্তব্য অনুযায়ী বর্ণিত সময়ে তার বিরুদ্ধে বিভিন্ন মামলা থাকলেও কোন মামলায় গ্রেফতার হয়ে তিনি কারাগারে ছিলেন না। এছাড়াও তিনি গত ২৮ জুলাই ২০১৬, ২৪ আগস্ট ২০১৬ এবং ১৮ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সভা সমূহে ধারাবাহিকভাবে অনুপস্থিত ছিলেন। যেহেতু সেপ্টেম্বর ২০১৬ মাসে গাবতলী উপজেলা পরিষরে কোন মাসিক সভা অনুষ্ঠিত হয়নি; সেহেতু জুলাই ২০১৬ হতে অক্টোবর ২০১৬ মাস পর্যন্ত অনুষ্ঠিত তিনটি মাসিক সভা ধারাবাহিকভাবে অনুষ্ঠিত হিসেবে বিবেচনাযোগ্য। ব্যক্তিগত শুনানীতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে যৌক্তিক কোন ব্যাখ্যা প্রদান করতে পারেননি এবং অভিযোগ খণ্ডনে ব্যর্থ হয়েছেন। ফলে জনাব মোঃ আব্দুল মজিদ এর বিরুদ্ধে আনীত উপজেলা পরিষদের পর পর তিনটি মাসিক সভায় যুক্তিসংগত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

যেহেতু, তাঁর এহেন কমকাণ্ডে তিনি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) অনুযায়ী যুক্তিসংগত কারণ ব্যতিরেকে পরিষদের পর পর তিনটি মাসিক সভায় অনুপস্থিতির অভিযোগের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন, সেহেতু সরকার জনস্বার্থে তাঁকে স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মজিদকে গাবতলী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. Min
২৮/০৯/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

=০২=

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬৮.২০১৭- ১১৬২

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। অপসারণজনিত কারণে বগুড়া জেলার গাবতলী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] অনুযায়ী উপ-নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, বগুড়া।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৫০(পঞ্চাশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া।
- ১৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাবতলী, বগুড়া।
- ১৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। জনাব মোঃ আব্দুল মজিদ, প্রাক্তন ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাবতলী, বগুড়া।

J. Azin
26/09/2017
(ড. জুলিয়া মজিন)
উপসচিব